

পরিচালক  
আইসিটি সেল  
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

চট্টগ্রাম-৪৩৩১, বাংলাদেশ

ইমেইল: director.ict@cu.ac.bd

ফোন: পিএবিএক্স +৪৪০-৩১-৭২৬৩১১-১৪

এক্সটেনশন অফিস : ৪২৫৫

ওয়েব : www.ictcell.cu.ac.bd



Director  
ICT Cell  
University of Chittagong  
Chittagong-4331, Bangladesh  
Email: director.ict@cu.ac.bd  
Phone: PABX +880-31-726311-14  
Extension Office: 4255  
Web: www.ictcell.cu.ac.bd

স্মারক নং: চবি/আইসিটি/২০২৬/০৭-০১

তারিখ: ০৫ জুলাই, ২০২৬

## ইন্টারনেট সেবা সাময়িক বিঘ্নিত হওয়া প্রসঙ্গে

### জরুরি নোটিশ:

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সকল সম্মানিত শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ইঞ্জিনিয়ারিং অনুষদের ডিন কার্যালয়ের নোটিশ অনুযায়ী (কপি সংযুক্ত) আইটি ভবনে লো-ভোল্টেজজনিত সমস্যা নিরসনে জরুরি মেইনটেন্যান্স (রক্ষণাবেক্ষণ) কাজ চলমান রয়েছে।

উক্ত উন্নয়নমূলক কাজের কারণে বিদ্যুৎ সরবরাহ বিঘ্নিত হওয়ায় আইটি ভবনে অবস্থিত কেন্দ্রীয় সার্ভার ও নেটওয়ার্ক ডিভাইসসমূহ সচল রাখতে সমস্যা হতে পারে। এর ফলে অদ্য ০৫-০৭-২০২৬ (রবিবার) হতে ১২-০৭-২০২৬ (রবিবার) তারিখ পর্যন্ত প্রতিদিন সকাল ১০:০০ টা হতে বিকাল ৪:০০ টা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের ইন্টারনেট ও নেটওয়ার্ক সেবা সাময়িকভাবে কিছুটা বিঘ্নিত হতে পারে।

আইটি ভবনের বিদ্যুৎ ব্যবস্থা আরও নিরাপদ ও নিরবচ্ছিন্ন করার স্বার্থেই এই রক্ষণাবেক্ষণ কাজ করা হচ্ছে। এই সাময়িক অসুবিধার জন্য আইসিটি সেল আন্তরিকভাবে দুঃখ প্রকাশ করছে এবং সকলের সদয় সহযোগিতা কামনা করছে।

ধন্যবাদান্তে,

পরিচালক

আইসিটি সেল

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

## বিদ্যুৎ সরবরাহ সাময়িক বিঘ্নিত হওয়া প্রসঙ্গে


### জরুরি নোটিশ:

আইটি ভবনের সকল সম্মানিত শিক্ষক কর্মকর্তা-কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ভবনের লো-ভোল্টেজজনিত সমস্যা নিরসনের লক্ষ্যে জরুরি মেইনটেনন্স (রক্ষণাবেক্ষণ) কাজ চলমান রয়েছে।

এই উন্নয়নমূলক কাজের জন্য আগামী [রবিবার] ০৫-০৭-২০২৬ তারিখ হইতে ১২-০৭-২০২৬ তারিখ [রবিবার] পর্যন্ত সকাল ১০:০০ টা হতে বিকাল ৪:০০ টা] পর্যন্ত বিদ্যুৎ সরবরাহ কিছুটা বিঘ্নিত হতে পারে।

ভবনের বিদ্যুৎ ব্যবস্থা আরও নিরাপদ ও নিরবচ্ছিন্ন করার স্বার্থেই এই মেইনটেনন্স কাজ করা হচ্ছে। সাময়িক অসুবিধার জন্য আমরা আন্তরিকভাবে দুঃখিত এবং আপনাদের সকলের সদয় সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদান্তে,



(প্রফেসর ড. মুহাম্মদ সানাউল্লাহ চৌধুরী)

ডিন

ইঞ্জিনিয়ারিং অনুষদ

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

চট্টগ্রাম।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো:

- 1। সভাপতি, সিএসই বিভাগ, চ.বি.
- 2। সভাপতি, ইইই বিভাগ, চ.বি.
- 3। পরিচালক, আইসিটি সেল, চ.বি.